

নং-০৫.০১.২৬৭২.০৭৩.২৫.৫৭১.১৪-২৯২

তারিখ: ০৫/০৭/১৪২১ বঙ্গাব্দ
২০/১০/২০১৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা, ২০১৩ এর নিয়ন্ত্রণরূপ সংশোধন করা হলো:

অনুচ্ছেদ ৫.৪.২: বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সামগ্রিকভাবে ১২০০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। কার্যক্রম ভিত্তিক নম্বরের বিভাজন নিম্নোক্ত ছক অনুযায়ী হবে:

কার্যক্রম	মন্তব্য		
	একক	দলীয়	মোট
গ্রাম-সমীক্ষা	২৫	২৫	৫০
পল্লী উন্নয়ন প্রতিষ্ঠানসমূহে সংযুক্তি	২৫	২৫	৫০
বাংলাদেশ: সম্ভাবনা অন্বেষণ	৫০	৫০	১০০
মডিউল ভিত্তিক দলীয় কাজ ও অন্যান্য বিষয়	-	২৫০	২৫০
মডিউল ভিত্তিক লিখিত পরীক্ষা	৫০০	-	৫০০
সমন্বিত পরীক্ষা	১০০	-	১০০
(ক) একক প্রতিবেদন (কোর্স থিম বিষয়ক)	-	-	-
(খ) ইংরেজি ভাষা শিক্ষা	-	-	-
(গ) তথ্য প্রযুক্তি (ব্যবহারিক পরীক্ষা)	-	-	-
পুস্তক পর্যালোচনা ও উপস্থাপনা	৫০	-	৫০
কোর্স ব্যবস্থাপনা টিম কর্তৃক মূল্যায়ন	৫০	-	৫০
উপস্থিতি	৫০	-	৫০
মোট	৮৫০	৩৫০	১২০০


অনুচ্ছেদ ৬.৫.২: বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সমন্বিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। সমন্বিত পরীক্ষায় তিনটি অংশ থাকবে, যথা- একক প্রতিবেদন, ইংরেজি ভাষা শিক্ষা এবং তথ্য প্রযুক্তি (ব্যবহারিক পরীক্ষা)। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কোর্স থিম (Course Theme) বিষয়ক ৫০ নম্বরের একক প্রতিবেদন উপস্থাপন করতে হবে। প্রতিবেদনটি ১৫০০-২০০০ শব্দের মধ্যে হবে। একক প্রতিবেদনের নম্বর বিভাজন নিম্নরূপ:

- ১) লিখিত প্রতিবেদন - ৩০ নম্বর
- ২) মৌখিক উপস্থাপনা- ১৫ নম্বর
- ৩) প্রশ্ন উত্তর- ০৫ নম্বর

অনুচ্ছেদ ৭.১.৩: যে কোন কোর্সে মূল্যায়নের জন্য নির্ধারিত প্রতিটি বিষয়ে/মডিউলে একজন প্রশিক্ষণার্থীর প্রাপ্ত নম্বর সম্মিলিতভাবে তীর চূড়ান্ত নম্বর নির্ধারণ করবে এবং সকল মডিউলে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রম প্রণীত হবে। ইংরেজি ভাষা শিক্ষা ও তথ্য প্রযুক্তি বিষয়ে/মডিউলে যথাক্রমে ৩০ ও ২০ নম্বর থাকবে। ইংরেজি ভাষা শিক্ষা ও তথ্য প্রযুক্তি বিষয়ে/মডিউলে প্রাপ্ত নম্বর চূড়ান্ত নম্বর গণনায় নিম্নরূপে বিবেচনা করা হবে:

- ক) ইংরেজি ভাষা শিক্ষা - ৩০ নম্বর
 - ১) উপস্থিত বক্তৃতা - ১০ নম্বর
 - ২) শ্রবণ দক্ষতা - ১০ নম্বর
 - ৩) লেখণী দক্ষতা - ১০ নম্বর
- খ) তথ্য প্রযুক্তি (ব্যবহারিক পরীক্ষা) - ২০ নম্বর

শরীরচর্চা ও খেলাধুলা বিষয়/মডিউলে প্রাপ্ত নম্বর চূড়ান্ত নম্বর গণনায় বিবেচনা করা হবে না। তবে, এ বিষয়ে/মডিউলে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে অবশ্যই ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে।



(খন্দকার মোঃ হাফিজুর হায়দার)
রেস্টুর

নং-০৫.০১.২৬৭২.০৭৩.২৫.৫৭১.১৪-২৯২

তারিখ: ০৫/০৭/১৪২১ বঙ্গাব্দ
২০/১০/২০১৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। কোর্স উপদেষ্টা, ৫৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বিপিএটিসি, সাভার, ঢাকা
- ২। অনুসদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা
- ৩। সংশ্লিষ্ট নথি/অমনিবাস কপি


(ড. শাহ আলম)
পরিচালক (মূল্যায়ন)